



ইরানের শাসন পরিবর্তন না হওয়া পর্যন্ত অভিযান চলবে: মোসাদ প্রধান



মোসাদের প্রধান ডেভিড বার্নিয়া। ছবি: এফটিওস

ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদের প্রধান ডেভিড বার্নিয়া বলেছেন, ইরানের বর্তমান শাসনব্যবস্থা পরিবর্তন না হওয়া পর্যন্ত তাদের গোপন অভিযান বন্ধ হবে না।

মঙ্গলবার (১৪ এপ্রিল) হলোকাস্ট স্মরণ দিবসের এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

তিনি দাবি করেন, সাম্প্রতিক ইরান-ইসরায়েল উত্তেজনার সময় মোসাদের এজেন্টরা তেহরানের অভ্যন্তরে সক্রিয় ছিল এবং ইসরায়েলি বিমান বাহিনীকে নির্ভুল গোয়েন্দা তথ্য সরবরাহ করেছে। এসব তথ্যের ভিত্তিতে ইরানের ক্ষেপণাস্ত্র ও সামরিক অবকাঠামো লক্ষ্য করে অভিযান চালানো হয়েছে বলে জানান তিনি।

বার্নিয়া আরও বলেন, সরাসরি যুদ্ধ কমে এলেও মোসাদের তৎপরতা থামেনি। তেহরানে আগাম পরিকল্পনা অনুযায়ী অভিযান চালানো হচ্ছে এবং ইরানের ভেতরে একটি বিস্তৃত গোয়েন্দা নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে, যা দীর্ঘমেয়াদে কৌশলগত লক্ষ্য অর্জনে কাজ করছে।

তিনি স্পষ্ট করে দেন, ইসরায়েলের নিরাপত্তার প্রশ্নে কোনো আপস করা হবে না। দেশটির বিরুদ্ধে যেকোনো হুমকি প্রতিহত করতে গোপন ও প্রকাশ্য—দুই ধরনের অভিযানই অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন।

বিশ্লেষকদের মতে, এমন বক্তব্য আঞ্চলিক উত্তেজনা আরও বাড়াতে পারে। ইরানের শাসনব্যবস্থা পরিবর্তনের ইঙ্গিত মধ্যপ্রাচ্যের রাজনীতিতে নতুন মেরুকরণ তৈরি করতে পারে এবং দুই দেশের মধ্যে চলমান ছায়াযুদ্ধ আরও তীব্র হওয়ার আশঙ্কা রয়েছে।